**কবিতা/গল্প প্রকাশ**



নিজস্ব লেখা "কবিতা/গল্প"
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



**ডাউনলোড "এই যুগ অ্যাপ"**



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট
eiyug.in থেকে ডাউনলোড
করুন "এই যুগ অ্যাপ"



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 6 JULY 2026 ,MONDAY | ৬ জুলাই ২০২৬ ,সোমবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-214


# উত্তরবঙ্গের চা শ্রমিকদের জন্য ৩১৩.৩০ কোটি টাকার নতুন প্রকল্পের ঘোষণা




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৫ জুলাই :** উত্তরবঙ্গের চা শ্রমিকদের কল্যাণে ৩১৩.৩০ কোটি টাকার নতুন প্রকল্প ঘোষণার পর আলিপুরদুয়ার জেলার বিভিন্ন চা বাগান এলাকায় আনন্দের আবহ তৈরি হয়েছে। শ্রমিকদের উন্নয়নের লক্ষ্যে এই প্রকল্পের ঘোষণা ঘিরে বহু শ্রমিক ও সমর্থকদের মধ্যে উৎসাহ দেখা যায়। কোথাও কোথাও খুশির বহিঃপ্রকাশ হিসেবে মিষ্টি বিতরণও করা হয়। জানা গিয়েছে, নতুন প্রকল্পের আওতায় চা শ্রমিক ও তাঁদের পরিবারের সামাজিক ও অবকাঠামোগত উন্নয়নে বিভিন্ন কর্মসূচি গ্রহণের পরিকল্পনা রয়েছে। দীর্ঘদিন ধরে চা বাগান এলাকায় মৌলিক পরিষেবা ও জীবনযাত্রার মানোন্নয়নের দাবি উঠছিল। সেই প্রেক্ষাপটে এই আর্থিক বরাদ্দকে তাৎপর্যপূর্ণ পদক্ষেপ বলেই মনে করছেন অনেকেই। প্রকল্পের ঘোষণার খবর ছড়িয়ে পড়তেই আলিপুরদুয়ারের বিভিন্ন এলাকায় শ্রমিকদের মধ্যে উচ্ছ্বাস দেখা যায়। মিষ্টিমুখের মাধ্যমে একে অপরকে শুভেচ্ছা জানিয়ে তাঁরা আশা প্রকাশ করেন, দ্রুত প্রকল্পের বাস্তবায়ন হলে তাঁদের জীবনযাত্রার মানের উন্নতি ঘটবে। তবে শ্রমিক সংগঠনের একাংশের দাবি, শুধু ঘোষণা নয়, নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের অর্থ স্বচ্ছতার সঙ্গে ব্যয় এবং বাস্তবায়ন নিশ্চিত করাই এখন সবচেয়ে গুরুত্বপূর্ণ।

# অন্নপূর্ণা যোজনায় মহিলা বিক্ষোভ প্রসঙ্গে বার্তা মন্ত্রী মালতী রাভা রায়ের



**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,৫ জুলাই :** কোচবিহারে অন্নপূর্ণা যোজনা নিয়ে বিভিন্ন সরকারি দপ্তরে মহিলাদের বিক্ষোভ প্রসঙ্গে তুফানগঞ্জ বিধানসভার বিধায়ক এবং রাজ্যের নারী ,শিশু ও সমাজকল্যাণ দপ্তরের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী মালতী রাভা রায় আজ সাংবাদিকদের মুখোমুখি হয়ে জানান ,অন্নপূর্ণা যোজনার জন্য আবেদন করার পর ও যাদের আবেদন পত্র বাতিল হয়েছে সেই বিষয়ে আমরা এস ডিও, বিডিও এবং গ্রাম পঞ্চায়েত দপ্তরে কথা বলেছি যে, যাদের আবেদন পত্র বাতিল হয়েছে , সেটা কি কারণে বাতিল হয়েছে বাড়ি বাড়ি গিয়ে সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তারা জানবেন। তারপর সেগুলো যাচাইকরণ প্রক্রিয়া চলবে। প্রকৃত যারা যোগ্য সেই মায়েরা প্রত্যেকেই এই প্রকল্পের আওতায় আসবেন এবং প্রতিমাসে তাদের তিন হাজার টাকা দেওয়া হবে। যোগ্যরা কোনওভাবে বঞ্চিত হবেন না। কিন্তু সরকার নির্দেশিত নিয়ম নীতি না মেনে যে সমস্ত আবেদন পত্র জমা হয়েছে ,তাদের নাম বাদ যাবে। "

# গ্রেপ্তার হলেন আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক পঞ্চায়েত সমিতির সভাপতির স্বামী নারায়ন দাস




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৫ জুলাই :** গ্রেপ্তার হলেন আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকে পঞ্চায়েত সমিতির সভাপতির স্বামী নারায়ন দাস। কোহিনুর চা বাগান এলাকার বিজেপি নেতা সুরোজ পান্ডে অভিযোগের দায়ের করেছেন গত ২০২৩ সালের পঞ্চায়েত ভোটের আগে তৎকালীন বিধায়ক মনোজ কুমার ওরাও আক্রান্ত হয়েছিলেন ভোটের প্রচার করতে এসে। নারায়ন দাসসহ আরো পাঁচজনের বিরুদ্ধে অভিযোগ দায়ের করার পরেই পুলিশ নারায়ণ দাসকে গ্রেফতার করেছে। এদিন শামুকতলা থানা থেকে আলিপুরদুয়ার জেলা আদালতে নিয়ে যাওয়ার সময় বিজেপি কর্মীরা চোর চোর বলে চিৎকার করতে থাকেন। এরমধ্যেই শুরু হয় ডিম বৃষ্টি। রীতিমতো পুলিশকে হিমশিম খেতে হয়েছে অভিযুক্তকে গাড়িতে তোলার সময়। আলিপুরদুয়ার দু নম্বর ব্লকের পঞ্চায়েত সমিতির সভাপতি ঝুমা দাস দেবনাথ এর স্বামী নারায়ন দাসের বিরুদ্ধে ভুরি ভুরি অভিযোগ। সরকারি সম্পত্তি হাপিস থেকে শুরু করে নানা রকম দুর্নীতির অভিযোগ রয়েছে তার বিরুদ্ধে। এদিন কড়া নিরাপত্তার মধ্যে দিয়ে নারায়ন দাসকে আলিপুরদুয়ার জেলা আদালতে নিয়ে গেছে শামুকতলা থানার পুলিশ। পুলিশ তাকে দুদিনের জন্য আদালত থেকে পুলিশ হেফাজতে এনেছে।

# কোচবিহার জেলা পুলিশের উদ্যোগে জেলা সদরের প্রত্যেক থানাতে সমন্বয় বৈঠক




**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,৫ জুলাই :** আসন্ন রথযাত্রা ও পবিত্র শ্রাবণ মাস উপলক্ষে , কোচবিহার জেলা পুলিশের অন্তর্গত কোচবিহার সদর মহকুমার সমস্ত থানা তে স্থানীয় পূজা কমিটিগুলোর সাথে সমন্বয় সভা করেছে জেলা পুলিশের আধিকারিক গণ । এর উদ্দেশ্য ছিল ভিড় নিয়ন্ত্রণ করা এবং ভক্তদের নিরাপত্তা নিশ্চিত করা। সভাগুলোতে পুলিশ আশ্বস্ত করেছে যে , আসন্ন উৎসব গুলো যাতে শান্তিপূর্ণ ভাবে ও নিরাপদে সম্পন্ন হয়, তার জন্য প্রয়োজনীয় সব ব্যবস্থা গ্রহণ করা হবে পুলিশের পক্ষ থেকে । জেলা পুলিশ সূত্রে প্রাপ্ত খবরে জানা গিয়েছে, উৎসব যাতে শান্তিপূর্ণ ভাবে আয়োজন করা হয় তার ব্যবস্থা সম্পর্কে সকলকে অবহিত করা হয়েছে।

# বীরপাড়া নেপালি স্কুল ময়দানে গোর্খা জনমুক্তি মোর্চার সভা




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৫ জুলাই :** বীরপাড়া নেপালি স্কুল ময়দানে গোর্খা জনমুক্তি মোর্চা জনসভা আয়োজিত হল। এদিনের জনসভায় ডুয়ার্সের বিভিন্ন প্রান্ত থেকে গোর্খা জনমুক্তি মোর্চার কর্মী সমর্থকরা উপস্থিত ছিল। এদিনের জনসভায় প্রধান বক্তা ছিলেন গোর্খা জনমুক্তি মোর্চা অধ্যক্ষ বিমল গুরুং। এদিন বিমল গুরুং নিজের বক্তব্যে সংগঠন আরো একত্রিত করার কথা বলেন।তিনি এদিন বলেন আমি রাজনীতি করে কোনো ফায়দা নিইনি সবসময় ডুয়ার্স তরাই এর মানুষের জন্য চিন্তা ভাবনা করেছি।

# চা বাগানে খাঁচা বন্দী চিতা



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৫ জুলাই :** আলিপুরদুয়ার জেলার ভাটপাড়া চা বাগানে খাঁচাবন্দি চিতাবাঘ। রবিবার সকালে ভাটপাড়া চা বাগানে বনদপ্তরের পাতা খাঁচায় একটি চিতাবাঘ ধরা পড়েছে। সকালে শ্রমিকরা বাগানের ১৫ নম্বর সেকশনে রাখা খাঁচার ভিতরে চিতাবাঘটিকে দেখতে পান। খবর ছড়িয়ে পড়তেই ঘটনাস্থলে স্থানীয় মানুষের ভিড় জমে যায়। খবর পেয়ে বনদপ্তরের কর্মীরা দ্রুত ঘটনাস্থলে পৌঁছে নিরাপদে চিতাবাঘটিকে উদ্ধার করে নিজেদের হেফাজতে নেন। বনদপ্তর সূত্রে জানা গিয়েছে, চিতাবাঘটির স্বাস্থ্য পরীক্ষা ও প্রয়োজনীয় চিকিৎসার পর তাকে পুনরায় নিরাপদ জঙ্গলে ছেড়ে দেওয়া হবে। জানা গেছে, গত কয়েকদিন ধরেই ভাটপাড়া চা বাগানে চিতাবাঘের উপস্থিতি টের পাচ্ছিলেন শ্রমিকরা। ফলে তাদের মধ্যে আতঙ্কের পরিবেশ তৈরি হয়েছিল। পরিস্থিতির কথা মাথায় রেখে বনদপ্তর ব্যবস্থা হিসেবে ওই এলাকায় একটি খাঁচা বসায়। অবশেষে সেই খাঁচাতেই চিতাবাঘটির ধরা পড়ে।চিতাবাঘটি ধরা পড়ায় আপাতত স্বস্তির নিঃশ্বাস ফেলেছেন চা বাগানের শ্রমিকরা। তবে তাদের আশঙ্কা, বাগান এলাকায় আরও চিতাবাঘ থাকতে পারে।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |